## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম সেমেষ্টারে ভর্তি বিষয়ক কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য

- গত বছরের ন্যায় এ বছরেও (২০২৪-২০২৫) শিক্ষাবর্ষে জাতীয় শিক্ষানীতি -২০২০ (National Education Policy -2020) অনুযায়ী পঠন পাঠন হবে।
- ইন্দাস মহাবিদ্যালয়ে যে সমস্ত বিষয় MAJOR এবং MINOR কোর্স হিসেবে পড়ানো হবে, সেগুলি হল:
- 🖶 ARTS: বাংলা, ইংরেজি, ইতিহাস, সংস্কৃত, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, শারীরশিক্ষা ও ক্রীড়া
- ➡ SCIENCE: রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত, কম্পিউটার সায়েন্স, উদ্ভিদবিজ্ঞান, প্রাণীবিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান
- অনলাইন আবেদনের সময় আবেদনকারী নিজেদের পছন্দের ক্রম অনুযায়ী একাধিক বিষয় মেজর হিসেবে
  আবেদন করতে পারে (এক্ষেত্রে বিষয়ের ন্যুনতম যোগ্যতামান তাকে অর্জন করতে হবে), যদিও একটি
  বিষয়ে ভর্তি হবে।

মেজর বিষয়ে ভর্তির যোগ্যতামান

- ২০২৪, ২০২৩, ২০২২ সালে যারা উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা আবেদন করতে পারবে।
   আর্টস
- আর্টস বিষয়ে ভর্তি হতে হলে বাংলা, সংস্কৃত ও ইংরাজির ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে পাশ করার পাশাপাশি
  সংশ্লিষ্ট বিষয়ে পাশ নম্বর থাকা আবশ্যক। (উদাহরণ হিসাবে বাংলা বিষয়ে মেজর পড়তে হলে
  উচ্চমাধ্যমিক পাশ করার পাশাপাশি বাংলায় পাশ নম্বর থাকা জরুরী)।
- এছাড়া আর্টসের অন্যান্য বিষয়ে উচ্চমাধ্যমিকে পাশ করলেই আবেদন করা যাবে।

## সায়েন্স

- রসায়নের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে পাশ নম্বর পাওয়ার পাশাপাশি রসায়ন, অঙ্ক ও পদার্থবিদ্যায় পাশ করা

  আবশ্যক।
- পদার্থবিদ্যার ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে পাশ নম্বর পাওয়ার পাশাপাশি অঙ্ক ও পদার্থবিদ্যায় পাশ করা

  আবশ্যক।
- কম্পিউটার সায়েসের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে পাশ নম্বর পাওয়ার পাশাপাশি অঙ্কে পাশ করা আবশ্যক।
   ভোকেশনাল কারিকুলাম থেকেএই বিষয়ে ভর্তি হওয়া যাবে না।
- অঙ্কের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে পাশ নম্বর পাওয়ার পাশাপাশি অঙ্ক বিষয়ে পাশ করা আবশ্যক।

উদ্ভিদবিজ্ঞান, প্রাণীবিজ্ঞান, পরিবেশ বিজ্ঞানের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে পাশ নম্বর পাওয়ার পাশাপাশি বায়োলজিক্যাল সায়েন্স / বায়োটেকনোলজিতে পাশ করা আবশ্যক।

## 📥 প্রথম সেমেষ্টারে যে পেপারগুলি একজন শিক্ষার্থী-কে পড়তে হবে:

- 1) একটি মেজর পেপার: যেটি সে অনলাইন অ্যাডমিশনের মাধ্যমে নির্বাচন করেছে।
- 2) একটি মাইনর পেপার : এক্ষেত্রে মেজর পেপার বাদ দিয়ে অনান্য বিষয় গুলির মধ্যে একটি (এক্ষেত্রে সায়েন্স ও আর্টস শর্তাবলী প্রযোজ্য)।
- 3) একটি মাল্টিডিসিপ্লিনারি (Multidisciplinary) পেপার: এক্ষেত্রে সেই বিষয়টি নির্বাচন করতে হবে যেটি সে মেজর, মাইনর এবং ইতিপূর্বে উচ্চমাধ্যমিক স্তরে বিষয় হিসেবে পড়েনি (এক্ষেত্রে সায়েন্স আর্টস শর্ত নেই)।
- 4) একটি Skill Enhancement পেপার (SEC): এই বিষয়টি মেজর পেপার কেন্দ্রিক হবে।
- 5) একটি Ability Enhancement পেপার: English (বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী)
- 6) একটি Value Added পেপার: Environmental Studies (বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী)
- উপরিউক্ত ছয়টিপেপার নিয়ে প্রথম সেমেষ্টার পড়তে হবে পরবর্তী সেমেষ্টারের পেপারগুলি কলেজে ভর্তি

  হওয়ার পর জানানো হবে ।
- মেজর সাবজেক্ট কলেজে এসে কোন ভাবেই পরিবর্তন করা যাবে না, অনলাইন অ্যাডিমিশনের নিয়মাবলী ভালো
  করে অনুসরণ মেজর সাবজেক্ট নির্বাচন করতে হবে।

.....